

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮৯৫

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৮. তৃতীয় অনুচ্ছেদ - খাদ্যদ্রব্য গুদামজাত করা

আরবী

عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «مَنِ احْتَكَرَ عَلَى الْمُسْلِمِينَ طَعَامَهُمْ ضَرَبَهُ اللَّهُ بِالْجُذَامِ وَالْإِفْلَاسِ». رَوَاهُ ابْنُ مَاجَةَ وَالْبَيْهَقِيُّ فِي شُعَبِ الْإِيمَانِ. وَرَزِينُ فِي كِتَابِهِ

বাংলা

২৮৯৫-[8] 'উমার ইবনুল খন্দাব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, যে ব্যক্তি মুসলিমের ওপর অভাব-অনটন সৃষ্টি করে খাদ্য-সামগ্ৰী গুদামজাত করবে, আল্লাহ তা'আলা তাকে কুষ্ঠরোগে এবং দারিদ্র্যে নিপতিত করবেন। (ইবনু মাজাহ, বায়হাকী-এর শু'আবুল ঈমান ও 'রফীন' তাঁর গ্রন্থে)[1]

ফুটনোট

[1] য'ঈফ : ইবনু মাজাহ ২১৫৫, শু'আবুল ঈমান ১১২১৮, য'ঈফ আল জামি' ৫৩৫১, য'ঈফ আত্ তারগীব ১১০২।

ব্যাখ্যা

ব্যাখ্যা : এখানে এ মর্মে প্রমাণ রয়েছে যে, যে ব্যক্তি মুসলিমদের ন্যূনতম ক্ষতির ইচ্ছা পোষণ করে আল্লাহ তা'আলা তাকে নিজ অর্পিত ও সম্পদের ক্ষতির মাধ্যমে পরীক্ষা করবেন। আর যে মুসলিমের উপকারের ইচ্ছা করবে, আল্লাহ তা'আলা তার জান ও মালে কল্যাণ দান করবেন। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: য'ঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ উমর ইবনুল খন্দাব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68222>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন